

প্রেস রিলিজ

তারিখ: ০৯ জুলাই ২০২৬

## বাউবির মাননীয় উপাচার্যের সঙ্গে কাওমী মাদরাসা প্রতিনিধি দলের মতবিনিময় সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খানের সঙ্গে বাংলাদেশের কাওমী মাদরাসার শীর্ষস্থানীয় প্রতিনিধি দলের এক মতবিনিময় সভা আজ (০৯ জুলাই ২০২৬) দুপুর ১২:৩০টায় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

সভার শুরুতে উপাচার্য প্রতিনিধি দলকে স্বাগত জানিয়ে বলেন, দেশের সকল জনগোষ্ঠীর জন্য মানসম্মত ও অন্তর্ভুক্তিমূলক শিক্ষা নিশ্চিত করাই বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অন্যতম লক্ষ্য। সেই লক্ষ্য বাস্তবায়নের অংশ হিসেবে কাওমী মাদরাসার শিক্ষার্থীদের মূলধারার শিক্ষার সঙ্গে সম্পৃক্ত করে উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারণে বিশ্ববিদ্যালয় কার্যকর উদ্যোগ গ্রহণ করেছে।

উল্লেখ্য, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের অক্টোবর ২০২৫ সালের সভায় কাওমী মাদরাসা শিক্ষার্থীদের জন্য এসএসসি (নিশ-৩) ও এইচএসসি (নিশ-৩) নামে দুটি বিশেষায়িত শিক্ষা প্রোগ্রাম চালুর নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। তৎকালীন উপাচার্য এবং বর্তমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ. বি. এম. ওবায়দুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত ওই সভায় সিদ্ধান্তটি অনুমোদিত হয়। বর্তমান উপাচার্য দায়িত্ব গ্রহণের পর থেকে প্রোগ্রাম দুটির বাস্তবায়ন কার্যক্রম দ্রুত এগিয়ে নিতে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও উৎসাহ প্রদান করে আসছেন।

সভায় একাডেমিক কাউন্সিলের কারিকুলাম ও রেগুলেশন কমিটির সদস্য অধ্যাপক ড. মো. চেকীশ খান প্রণীত খসড়া কারিকুলাম ও রেগুলেশন উপস্থাপন করেন। এ সময় প্রতিনিধি দলের সদস্যরা বিভিন্ন গঠনমূলক মতামত প্রদান করেন। আলোচনায় আগামী জানুয়ারি ২০২৭ থেকে এসএসসি (নিশ-৩) ও এইচএসসি (নিশ-৩) প্রোগ্রামের একাডেমিক কার্যক্রম শুরু করার বিষয়ে সর্বসম্মত মতামত ব্যক্ত করা হয়।

মতবিনিময় সভায় কাওমী মাদরাসা থেকে অষ্টম শ্রেণি বা সমমান এবং এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের বাউবির এসএসসি ও এইচএসসি প্রোগ্রামে ভর্তি এবং পরবর্তীতে উচ্চশিক্ষায় অংশগ্রহণের সুযোগ সম্প্রসারণের বিষয়টি গুরুত্বের সঙ্গে আলোচনা করা হয়।

কাওমী প্রতিনিধি দলের সদস্যরা তাঁদের মূল্যবান মতামত উপস্থাপন করলে মাননীয় উপাচার্য তা মনোযোগসহকারে শোনে এবং বলেন, "বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কাওমী মাদরাসার শিক্ষার্থীদের মূলধারার শিক্ষার সঙ্গে সম্পৃক্ত করে উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টি এবং শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করবে। তিনি আশা প্রকাশ করেন, এই উদ্যোগ দেশের শিক্ষা ব্যবস্থায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে প্রতিষ্ঠিত হবে এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী এর মাধ্যমে উচ্চশিক্ষার নতুন দিগন্তে প্রবেশের সুযোগ পাবে"।

সভায় মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান এবং মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম মূল্যবান মতামত প্রদান করেন।

এছাড়া বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্কুল অব এডুকেশনের ডিন অধ্যাপক আমিরুল ইসলাম, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. মোছা. শিরিন সুলতানা, অধ্যাপক ড. মো. চেকীশ খান, অধ্যাপক ড. মো. আব্দুর রাহীম, সহযোগী অধ্যাপক ড. মো. আলী করিম এবং সহকারী অধ্যাপক ড. মো. কুতুব উদ্দিন উপস্থিত ছিলেন।

কাওমী প্রতিনিধি দলের নেতৃত্ব দেন বাংলাদেশ কাওমী মাদরাসা শিক্ষা বোর্ড (বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ)-এর মহাসচিব এবং মোহাম্মদপুর জামিয়া রাহমানিয়া আরাবিয়ার প্রিন্সিপাল হযরত মাওলানা মাহফুজুল

হক। প্রতিনিধি দলে আরও ছিলেন আইএমইএস-এর সভাপতি ও বিকন আইডিয়াল ইনস্টিটিউটের প্রিন্সিপাল মুহাম্মদ সাইফুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের প্রভাষক ও আইএমইএস-এর সাধারণ সম্পাদক মাওলানা শফিকুল হাসান শিহাব এবং জামিয়া মাদানিয়া বারিধারা মাদরাসার মুহাদ্দিস ও উইজডম একাডেমির প্রিন্সিপাল মাওলানা মুহাম্মদ খাঁন।

সভার সমাপনীতে হযরত মাওলানা মাহফুজুল হক কাওমী মাদরাসার শিক্ষার্থীদের জন্য সময়োপযোগী এ উদ্যোগ গ্রহণ করায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আন্তরিক মোবারকবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি এ কর্মসূচি বাস্তবায়নে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

অত্যন্ত আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত মতবিনিময় সভায় উভয় পক্ষ কাওমী মাদরাসার শিক্ষার্থীদের মূলধারার শিক্ষা ও উচ্চশিক্ষায় সম্পৃক্ত করতে ভবিষ্যতেও পারস্পরিক সহযোগিতা ও সমন্বয়ের ভিত্তিতে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

মোঃ খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)

